পুঁজিবাজার নিয়ে মানুষের ভুল ধারণার অবসান হবে

সরকারের বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর ও সংস্থার কার্যক্রম সম্পর্কে দেশের সাধারণ মানুষকে অবহিত করতে প্রতি বছর উন্নয়ন মেলার আয়োজন করা হয়ে থাকে। আর এ মেলার মাধ্যমে পুঁজিবাজারের উন্নয়ন সম্পর্কিত সব তথ্য দেশের প্রান্তিক জনগণের দোরগোড়ায় পৌঁছে দিতে চায় নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)। প্রান্তিক জনগণের কাছে সঠিক তথ্য জানানো হলে পুঁজিবাজার নিয়ে প্রচলিত ভুল ধারণার অবসান ঘটবে বলেও মনে করছেন সংশ্লিষ্টরা। গতকাল উন্নয়ন মেলা উপলক্ষে আয়োজিত এক সংবাদ সম্মেলনে বক্তারা এ কথা বলেন।সংবাদ সম্মেলনে জানানো হয়, বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে প্রতি বছরই উন্নয়ন মেলার আয়োজন করে আসছে সরকার। গত বছর প্রথমবারের মতো উন্নয়ন মেলায় অংশগ্রহণ করেছিল বিএসইসি। আর এবার দ্বিতীয়বারের মতো ১১-১৩ জানুয়ারি পর্যন্ত তিন দিনব্যাপী আয়োজিত এ উন্নয়ন মেলায় অংশ নিচ্ছে তারা।দেশের অর্থনৈতিক উন্নয়ন ও অগ্রযাত্রায় পুঁজিবাজার' এই উদ্দেশ্য সামনে রেখে এবারের মেলার মূল প্রতিপাদ্য বিষয় নির্ধারণ করা হয়েছে 'অর্থনীতির উন্নয়নে প্রযুক্তি'। সম্প্রতি মেলায় অংশগ্রহণের লক্ষ্যে আনুষঙ্গিক কাযক্রম গ্রহণের জন্য অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সিনিয়র সচিব মো. ইউনুসুর রহমানের সভাপতিত্বে আর্থিক খাতের চার নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ ব্যাংক, বিএসইসি, ইন্স্যুরেন্স ডেভেলপমেন্ট অ্যান্ড রেগুলেটরি অথরিটি (আইডিআরএ) ও মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটির (এমআরএ) সভা অনুষ্ঠিত হয়। এতে আর্থিক খাতের নিয়ন্ত্রক সংস্থাগুলোকে সরকারের উন্নয়ন মেলায় অংশগ্রহণসংক্রান্ত বিভিন্ন দিকনির্দেশনা দেয়া হয়।http://bonikbarta.net

বোনাস শেয়ার পাঠিয়েছে সিভিও পেট্রোকেমিক্যাল

৩০ জুন সমাপ্ত ২০১৭ হিসাব বছরে লভ্যাংশ হিসেবে দেয়া বোনাস শেয়ার বিনিয়োগকারীদের বিও হিসাবে পাঠিয়েছে বিদ্যুৎ ও জ্বালানি খাতের তালিকাভুক্ত কোম্পানি সিভিও পেট্রোকেমিক্যাল রিফাইনারি লিমিটেড। শিগগিরই বোনাস শেয়ারের ভগ্নাংশ বাংলাদেশ ইলেকট্রিক ফান্ড ট্রান্সফার নেটওয়ার্কের মাধ্যমে শেয়ারহোল্ডারদের ব্যাংক হিসাবে পাঠিয়ে দেয়া হবে। ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই) সূত্রে এ তথ্য জানা গেছে।৩০ জুন সমাপ্ত ২০১৭ হিসাব বছরের জন্য ২ শতাংশ স্টক লভ্যাংশ দিয়েছে সিভিও পেট্রোকেমিক্যালের বিনিয়োগকারীরা। নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন অনুসারে, সর্বশেষ হিসাব বছরে কোম্পানিটির শেয়ারপ্রতি লোকসান ৩ টাকা ৪২ পয়সা, যেখানে আগের বছরের একই সময় শেয়ারপ্রতি আয় (ইপিএস) ছিল ৭ টাকা ৪০ পয়সা। ৩০ জুন কোম্পানির শেয়ারপ্রতি নিট সম্পদমূল্য (এনএভিপিএস) দাঁড়ায় ১৪ টাকা ৫৭ পয়সায়।এদিকে চলতি হিসাব বছরের প্রথম প্রান্তিকেও সিভিওর লোকসান হয়েছে। জুলাই-সেপ্টেম্বর প্রান্তিকে ৭ পয়সা লোকসান দেখিয়েছে কোম্পানিটি, যেখানে আগের বছরের একই সময় লোকসান ছিল ২৮ পয়সা। ৩০ সেপ্টেম্বর কোম্পানির এনএভিপিএস দাঁড়ায় ১৪ টাকা ৪৯ পয়সায়।ডিএসইতে সর্বশেষ ২১২ টাকা ৬০ পয়সায় কোম্পানিটির শেয়ার কেনাবেচা হয়। গত এক বছরে এর সর্বোচ্চ দর ছিল ২৮০ টাকা ও সর্বনিম্ন ১৪৫ টাকা ৫০ পয়সা।http://bonikbarta.net

বেনাপোলে আমদানি দ্বিগুণ বাড়লেও রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জন হয়নি

২০১৬-১৭ অর্থবছরের তুলনায় চলতি অর্থবছরের প্রথম ছয় মাসে (জুলাই-ডিসেম্বর) বেনাপোল স্থলবন্দর দিয়ে আমদানি বেড়েছে ৮ লাখ ৬৯ হাজার ৩৫৪ টন। তবে আমদানিতে সাফল্য দেখা গেলেও রাজস্ব আহরণের চিত্র ছিল বিপরীত। উল্লিখিত সময়ে বেনাপোল স্থলবন্দর থেকে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) নির্ধারিত লক্ষ্যমাত্রার চেয়ে ২৯৯ কোটি ৩৬ লাখ টাকা কম রাজস্ব আহরণ হয়েছে।বেনাপোল কাস্টমস সূত্রে জানা গেছে, চলতি অর্থবছরের প্রথম ছয় মাসে বন্দর দিয়ে মোট আমদানি হয়েছে ১৩ লাখ ১৩ হাজার ৯৭৪ টন পণ্য। আগের অর্থবছরের একই সময়ে আমদানির পরিমাণ ছিল ৪ লাখ ৪৪ হাজার ৬২০ টন। এ হিসাবে গেল ছয় মাসে আমদানি বেড়েছে প্রায় দ্বিগুণ।http://bonikbarta.net

বাণিজ্য মেলায় হাতিলের ভার্চুয়াল শোরুম উদ্বোধন

ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলায় ভার্চুয়াল শোরুম করেছে ফার্নিচার ব্র্যান্ড ‘হাতিল’। মঙ্গলবার মেলা প্রাঙ্গণে হাতিলের প্রিমিয়ার মিনি প্যাভিলিয়ন-১-এ অবস্থিত ‘হাতিল ভি’ নামে ভার্চুয়াল শোরুমটির উদ্বোধন করা হয়। একে দেশের প্রথম পূর্ণাঙ্গ ভার্চুয়াল শোরুম হিসেবে দাবি করেছে প্রতিষ্ঠানটি। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক প্রধান অতিথি থেকে শোরুমটি উদ্বোধন করেন। এ সময় হাতিল কমপ্লেক্স লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক সেলিম এইচ রহমানসহ প্রতিষ্ঠানটির ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।http://bonikbarta.net

কফির বৈশ্বিক উৎপাদন রেকর্ড ছাড়াবে:আইসিও

২০১৭-১৮ মৌসুমে বৈশ্বিক কফি উৎপাদন নতুন রেকর্ড গড়বে। এ সময় পানীয় পণ্যটির মোট বৈশ্বিক উৎপাদন আগের মৌসুমের তুলনায় দশমিক ৭ শতাংশ বাড়তে পারে বলে সাম্প্রতিক এক প্রতিবেদনে পূর্বাভাস দিয়েছে ইন্টারন্যাশনাল কফি অর্গানাইজেশন (আইসিও)। তবে এবারের মৌসুমে বিশ্বব্যাপী রোবাস্তা কফির উৎপাদন বাড়লেও অ্যারাবিকার কমতে পারে বলে মনে করছে প্রতিষ্ঠানটি। খবর এগ্রিমানি ও বিজনেস রেকর্ডার।আইসিওর সাম্প্রতিক পূর্বাভাস অনুযায়ী, ২০১৭-১৮ মৌসুমে বিশ্বব্যাপী অ্যারাবিকা ও রোবাস্তা মিলিয়ে মোট ১৫ কোটি ৮৮ লাখ ব্যাগ (প্রতি ব্যাগে ৬০ কেজি) কফি উৎপাদন হতে পারে, যা আগের মৌসুমের তুলনায় দশমিক ৭ শতাংশ বেশি। ২০১৬-১৭ মৌসুমে বৈশ্বিক কফি উৎপাদনে রেকর্ড হয়েছিল। এবারের মৌসুমে তার চেয়েও বেশি কফি উৎপাদনের আশা করছে প্রতিষ্ঠানটি।http://bonikbarta.net

বিশ্ব প্রবৃদ্ধি এ বছর হবে ৩.১ শতাংশ

কয়েক বছরের মধ্যে এই প্রথম বিশ্ব অর্থনীতি ভালোর দিকে যাচ্ছে বলে পূর্বাভাস দিয়েছে বিশ্বব্যাংক। গত মঙ্গলবার প্রকাশিত সংস্থার সর্বশেষ অর্থনৈতিক প্রতিবেদনে বলা হয়, সব অঞ্চলেই প্রবৃদ্ধির উন্নতি ঘটছে। তবে তা ধরে রাখতে হলে দেশগুলোকে অবশ্যই বিনিয়োগ করতে হবে এবং এটি করতে হবে আগামী অর্থনৈতিক সংকট তৈরি হওয়ার আগেই। বিশ্বের সর্বশেষ পূর্বাভাস জুনের চেয়ে অনেক ভালো উল্লেখ করে বিশ্বব্যাংকের অর্থনীতিবিদ আয়হান কোসে বার্তা সংস্থা রয়টার্সকে বলেন, ‘বড় ঘটনা হচ্ছে ভালো ঘটনা, আমরা যা প্রত্যাশা করেছি, বিশ্ব প্রবৃদ্ধি তার চেয়েও শক্তিশালী।’ তিনি বলেন, বড় তিনটি অর্থনীতি যুক্তরাষ্ট্র, ইউরোজোন এবং জাপানের সুসংহত প্রবৃদ্ধি হচ্ছে। একই সঙ্গে উদীয়মান দেশগুলোতেও উন্নতি ঘটছে।http://www.kalerkantho.com